গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
গুইমারা,খাগড়াছড়ি পার্বত্য জেলা।

**গুইমারা উপজেলা পরিষদের "জুলাই/২০২২খ্রি." মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব মেমং মারমা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গুইমারা
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার তারিখ ঃ ২৮/০৭/২০২২খ্রি.
সময় ঃ সকাল-১০.০০ ঘটিকায়
সভার স্থান ঃ উপজেলা পরিষদ কার্যালয়।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পরিচিতি পরিশিষ্ট "ক ও খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব রক্তিম চৌধুরী কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং আগামী দিনগুলোতে যাতে সকল বিষয়ে সমন্বয় করে এক সাথে কাজ করে অত্র উপজেলার সকল প্রকার সমস্যা, জনগণের কাঙ্খিত সেবা ও উন্নয়নের ধারা অব্যাহত রাখা যায় সে বিষয়ে সকল কর্মকর্তা, নির্বাচিত জনপ্রতিনিধি ও জনগণ একসাথে কাজ করার বিনীত আহবান জানান। পরবর্তীতে তিনি বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

| ক্র নং | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | **উপজেলা পরিষদের দায়িত্বভার হস্তান্তর সংক্রান্ত :** সভায় উপজেলা নির্বাহী অফিসার নব নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণকে উপজেলা পরিষদের দায়িত্বভার সম্পর্কে অবগত করেন এবং প্রাক্তন উপজেলা চেয়ারম্যান হতে গাড়ি ও অন্যান্য ফাইল বুঝে নেয়ার বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ দায়িত্বভার গ্রহণ করেন এবং বিষয়টি স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকসহ সংশ্লিষ্টদের অবহিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ,ইউএনও, ভাইস চেয়ারম্যান গণ,সংশ্লিষ্ট সকল |
| ০১ | **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :** সভায় উপস্থাপিত জুন/২০২২খ্রি. মাসের সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীতে কোন আপত্তি না থাকায় তা অনুমোদন করা হয়। | জুন/২০২২খ্রি. মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | সভার সকল সদস্য |
| ০২ | **উপজেলা প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী জনাব মোহা: আব্দুল মান্নান জানান যে, গুইমারা উপজেলায় ২০২১-২০২২খ্রি. অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির আওতায় বরাদ্দকৃত অর্থদ্বারা সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী টেন্ডার প্রকল্প, পিআইসি প্রকল্প এর কার্যক্রম শতভাগ সম্পূর্ণ হওয়ায় কাজের সমাপ্তি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়।<br>তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | গুইমারা উপজেলায় ২০২১-২০২২খ্রি. অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির আওতায় বরাদ্দকৃত অর্থদ্বারা সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী টেন্ডার প্রকল্প, পিআইসি প্রকল্প এর কার্যক্রম শতভাগ সম্পূর্ণ হওয়ায় কাজের সমাপ্তি প্রতিবেদন উপজেলা প্রকৌশলী স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করায়, উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানান। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রকৌশলী গুইমারা। |
| ০৩ | **ত্রাণ শাখা:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব ইসতিয়াক আহমেদ জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের আশ্রায়ন প্রকল্পের ঘর নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে আশ্রয়ন প্রকল্পের ঘর দ্রুত নির্মাণের জন্য বলা হলো। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুইমারা। |
| ০৪ | **প্রাণী সম্পদ বিভাগ:** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, গুইমারা উপজেলায় জুলাই/২০২২খ্রি. মাসে (১) গবাদি পশুর চিকিৎসার সংখ্যা=১৩৩টি, (২) হাঁস-মুরগির চিকিৎসার সংখ্যা=৪১৩৬টি, (৩)গবাদি পশুর টিকা প্রদান=৬১৬টি, (৪) হাঁস-মুরগীর টিকা প্রদান=৩,৫০০টি, (৫) কৃত্রিম প্রজনন সংখ্যা=৫৫টি, (৬) রাজস্ব আদায়=২,৫৭০টি। তার বিভাগের | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, গুইমারা। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা কৃষি অফিসার জনাব ওঙ্কার বিশ্বাস জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | [illegible] স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা কৃষি অফিসার, গুইমারা। |
| | <u>মৎস্য বিভাগ :</u><br>উপজেলা মৎস্য অফিসার জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, গুইমারা। |
| ০৭ | <u>সমাজসেবা বিভাগ :</u><br>উপজেলা সমাজ সেবা অফিসার জনাব আফজাল হোসেন টিপু জানান যে, গুইমারা উপজেলায় ২০২১-২০২২খ্রি. অর্থবছরে সকল ভাতার অর্থ বরাদ্দ পাওয়া যায়। সকল ভাতা ভোগীদের ভাতার অর্থ জি টুপিতে রুপান্তরের লক্ষ্যে এম.আই.এস কার্যক্রম চলমান রয়েছে। ভাতা ভোগীদের ভাতার টাকা স্ব স্ব মোবাইলে স্থানান্তরের লক্ষ্যে গুইমারা উপজেলায় ০৩ (তিন)টি ইউনিয়নে ভাতা ভোগীদের বিকাশ একাউন্ট খোলা হয়েছে। ইউনিয়ন ভিক্ষুক পূর্ণবাসন কমিটির মাধ্যমে ভিক্ষকদের পূর্ণবাসন করার বিষয়ে আলোচনা হয়। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানা যায়। | ২০২১-২০২২খ্রি. অর্থবছরে সকল ভাতা প্রদানের কার্যক্রম সরকারি নির্দেশনা অনুসারে দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার গুইমারা। |
| ০৮ | <u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:</u><br>অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল গুইমারা। |
| ০৯ | <u>প্রাথমিক শিক্ষা বিভাগ :</u><br>উপজেলা শিক্ষা অফিসারের জনাব হিটলারুজ্জামান জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে শিক্ষকদের নিয়মিত তদারকি, স্কুল পরিদর্শন ও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গুইমারা। |
| ১০ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের পক্ষে জনাব মো: বাবলু হোসেন, প্রধান শিক্ষক, গুইমারা সরকারি উচ্চ বিদ্যালয় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে শিক্ষকদের নিয়মিত তদারকি, স্কুল পরিদর্শন ও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গুইমারা। |
| ১১ | <u>মহিলা বিষয়ক অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত ঃ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাবা মোছা: হাছিনা আক্তার জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গুইমারা। |
| ১২ | <u>যুব উন্নয়ন অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত:</u><br>উপজেলা যুব উন্নয়ন সহকারী কর্মকর্তা জনাব মো: কামরুল হাসান জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নিয়ম অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা যুবউন্নয়ন অফিসার, গুইমারা। |
| ১৩ | <u>উপজেলা স্বাস্থ্য বিভাগ:</u><br>উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষে স্যানিটারি ইন্সপেক্টর জনাব আব্দুল কাদের মুজাহিদ অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার গুইমারা |
| ১৪ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | নিয়মিত মাসিক সভায় উপস্থিত থেকে সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার গুইমারা। |
| ১৫ | <u>রেঞ্জ কর্মকর্তা ঃ</u><br>উপজেলা রেঞ্জ কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। | রেঞ্জ কর্মকর্তা, জালিয়া পাড়া রেঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | ...ক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | | খাদ্যগুদাম গুইমারা। |
| | **...ল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর শাখা ব্যবস্থাপক জনাব শান্তনু ...হাজন জানান যে, গুইমারা উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সকল কার্যক্রম স্বাচ্ছতার সাথে পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে শতভাগ ঋণ আদায়, সমিতি গঠন ও অন্যান্য কার্যক্রম সরকারি নিয়ম অনুসারে সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, গুইমারা |
| ১৮ | **টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প (পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড) ঃ**<br>উপজেলা প্রকল্প ব্যবস্থাপক জনাব টিটন চাকমা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, গুইমারা। |
| ১৯ | **উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প-২) :**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা (ভারপ্রাপ্ত দায়িত্ব) জনাবা অর্জিনা ত্রিপুরা জানান যে, জুলাই/২০২২খ্রি. মাসে মোট সেবা গ্রহীতার সংখ্যা ৬০০জন। তথ্যকেন্দ্রে সেবা ১০০জন। ডোর টু ডোর সেবা প্রদান ৫০০জন। উঠান বৈঠক ০২টি, সেবা গ্রহীতা ৫০জন। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | নিয়মিত উঠান বৈঠক, ডোর টু ডোর সেবা প্রদান, তথ্যকেন্দ্রে সেবা প্রদান কার্যক্রম সহ সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য বলা হলো। | উপজেলা তথ্য সোবা কর্মকর্তা গুইমারা |
| ২০ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। এবং সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুইমারা |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মেমং মারমা )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গুইমারা
ও সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
ই-মেইল-chairmanguimara@gmail.com

স্মারক নংঃ ০৬.৪৬.৪৬৪৭.০০০.১৬.০০২.৮৮.২০২১-

তারিখঃ ২৮/০৭/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক,স্থানীয় সরকার,চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
৫। চেয়ারম্যান,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), গুইমারা উপজেলা পরিষদ, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। উপজেলা.............................................................অফিসার(সকল), গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। চেয়ারম্যান, গুইমারা/হাফছড়ি/সিন্দুকছড়ি ইউ.পি.(সকল), গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। জনাব .....................................................................................

২৮.৭.২২
(রক্তিম চৌধুরী )
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
ই-মেইল-unoguimara@gmail.com